অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/28/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 43North এর সপ্তম বার্ষিক স্টার্টআপ প্রতিযোগিতার 1 মিলিয়ন মার্কিন ডলার প্রথম পুরস্কার বিজয়ী ঘোষণা করলেন

টপ সিডজ 5 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিযোগিতায় 1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ জিতেছে

আরো সাতটি কোম্পানির প্রত্যেকে 500,000 মার্কিন ডলার বিনিয়োগ লাভ করেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে সপ্তম বার্ষিক 5 মিলিয়ন মার্কিন ডলারের 43North স্টার্টআপ প্রতিযোগিতার বিজয়ীদের ঘোষণা করলেন, যার মধ্যে রয়েছে 1 মিলিয়ন মার্কিন ডলার প্রথম পুরস্কার বিনিয়োগ এবং অন্য সাতটি কোম্পানির প্রত্যেকে 500,000 মার্কিন ডলার বিনিয়োগ জিতেছে। আর্থিক বিনিয়োগের পাশাপাশি, বিজয়ীরা সেনেকা ওয়ানে (Seneca One), যেখানে 43North এর সদর দপ্তর, সেখানে এক বছরের জন্য বিনামূল্যে স্থান পাবে, অভিজ্ঞ পরামর্শদাতার নির্দেশনা পাবে, সম্ভাব্য গ্রাহকদের সাথে স্থানীয় সংযোগ পাবে, 43North এর বিনিয়োগকারী নেটওয়ার্ক এবং অন্যান্য ব্যবসায়িক প্রণোদনা প্রোগ্রাম ব্যবহার করতে পারবে। বাফেলোর শেয়া পারফর্মিং আর্টস সেন্টারে (Shea's Performing Arts Center) একটি পুরষ্কার প্রদান অনুষ্ঠানের সময় বিজয়ীদের ঘোষণা করা হয়েছিল।

"গত সাত বছর ধরে, 43North স্টার্টআপ প্রতিযোগিতা বাফেলো এবং পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলকে উদ্ভাবন ও উদ্যোগের মানচিত্রে স্থাপন করেছে," **গভর্নর হোকল বলেন।** "আমি টপ স্পিডজকে তাদের সুপ্রাপ্য সফলতার জন্য অভিনন্দন জানাই, একই আজকে রাতের প্রতিযোগিতায় সাথে প্রত্যেক ফাইনালিস্টের কঠোর পরিশ্রম ও সৃজনশীলতার প্রশংসা করছি। 43North এর মতো উদ্যোগ দ্বারা, আমরা নিউ ইয়র্ক স্টেটে উদ্ভাবনী স্টার্টআপদের আকর্ষণ করছি এবং আরো উন্নত ভবিষ্যৎ তৈরি করছি।"

2021 সালের 43North প্রতিযোগিতার বিজয়ীরা হচ্ছে:

টপ সিডজ (Top Seedz) - বাফেলো, নিউ ইয়র্ক - 1,000,000 মার্কিন ডলার বিজেতা

টপ সিডজ সরলতম উপকরণ এবং প্রাকৃতিক উপাদান ব্যবহার করে খাদ্যমান ও স্বাদে পরিপূর্ণ আর্টিসান ক্র্যাকার এবং রোস্টেড বীজ তৈরি করে।

বেটারমাইন্ড ইনকর্পোরেশন (BetterMynd, Inc.) - বাফেলো নিউ ইয়র্ক - 500,000 মার্কিন ডলার বিজেতা

বেটারমাইন্ড হলো কলেজ শিক্ষার্থীদের জন্য একটি অনলাইন থেরাপি প্ল্যাটফর্ম। কলেজের শিক্ষার্থীদের নিজের ল্যাপটপ বা মোবাইলে গোপনীয়তা ও সুবিধার সাথে মানসিক স্বাস্থ্য কাউন্সেলরের বৈচিত্র্যপূর্ণ নেটওয়ার্ক ব্যবহার করার সুযোগ দেওয়ার জন্য তারা সরাসরি কলেজগুলির সাথে অংশীদারিত্ব করে তাদের।

বিগ হুইলবোরো, ইনকর্পোরেশন (Big Wheelbarrow, Inc.) - অস্টিন, টেক্সাস - 500,000 মার্কিন ডলার বিজেতা

বিগ হুইলবোরো একটি সফটওয়্যার অ্যাজ এ সার্ভিস (SaaS) কোম্পানি যা খাদ্য বিতরণকারী ও মুদি দোকানের চেইনকে একটি বিকেন্দ্রিক সরবরাহ চেইন গঠন ও বজায় রাখতে দেয় যাতে তারা লাভজনক, কার্যকর ও নিরাপদভাবে স্থানীয় খাদ্যের জন্য গ্রাহকদের চাহিদা পূরণ করতে পারে।

ফ্লক্স - দ্য হেলদি চিকেন কোম্পানি (FLOX - The Healthy Chicken Company) - লন্ডন, যুক্তরাজ্য - 500,000 মার্কিন ডলার বিজেতা

ফ্লক্স - দ্য হেলদি চিকেন কোম্পানি একটি লাভজনক উদ্যোগ যা কল্যাণমুখী চাষ সক্রিয় করার জন্য মেশিন-ভিশন ব্যবহার করে এবং এর প্রারম্ভিক প্রয়োগ করে মুরগি চাষের ক্ষেত্রে। পণ্যটি মুরগির স্বাস্থ্য ও কল্যাণে সহায়তা করে, তাই খামারিরা আরো নৈতিকতার সাথে, লাভজনক ও টেকসইভাবে; এবং সম্পূর্ণ সরবরাহ-চেইনে - ফলে (ক্রমে সচেতন হয়ে উঠা) গ্রাহকদের কাছে আরো দৃশ্যমান হয়ে কার্য পরিচালনা করে।

ইনফাস হেলথ (Infiuss Health) -স্যান হোসে, ক্যালিফোর্নিয়া - 500,000 মার্কিন ডলার বিজেতা

ইনফাসহেলথ একটি SaaS প্ল্যাটফর্ম যা আফ্রিকায় দূরবর্তী গবেষণা/ক্লিনিক্যাল ট্রায়াল পরিচালনা করে, গবেষকদের (শিল্প ও শিক্ষা) রোগীর সাথে এবং ক্লিনিক্যাল গবেষণা ও ক্লিনিক্যাল ট্রায়াল স্টাডির জন্য আফ্রিকার অংশগ্রহণকারী ও মার্কিন যুক্তরাষ্ট্র ও ইউরোপিয়ান ইউনিয়ন ভিত্তিক ফার্মাসিউটিক্যাল ও লাইফ সাইন্স কোম্পানিগুলিকে সংযুক্ত করার মাধ্যমে।

শেয়ারশেয়ার, ইনকর্পোরেশন (ShearShare, Inc.) - ম্যাককিনি, টেক্সাস - 500,000 মার্কিন ডলার বিজেতা

শেয়ারশেয়ার, ইনকর্পোরেশন হল প্রথম B2B মোবাইল বাজার যারা সৌন্দর্য এবং নাপিত শিল্পের ক্ষেত্রে স্বল্প ব্যবহৃত সম্পদকে মনেটাইজ করে, এবং শুরু করে কাজের স্থান দিয়ে। স্টাইলিস্টরা বিনা চুক্তি বা কমিশনে দিন, সপ্তাহ বা উপলক্ষে সুইট/স্টেশন ভাড়া নিতে পারে, এবং সেলুন, স্পা ও নাপিত দোকানদারেরা তাদের কাছে থাকা শূন্য স্থান দ্বারা টাকা কামাতে পারে।

জিলট ইন্টার‍্যাক্টিভ (Zealot Interactive) - আর্লিংটন, ভার্জিনিয়া - 500,000 মার্কিন ডলার বিজেতা

জিলট ইন্টার‍্যাক্টিভ অত্যাধুনিক অপশনাল হার্ডওয়্যারের সাথে যৌথভাবে বাদ্যযন্ত্রের জন্য অগমেন্টেড স্ট্রিমিং ভিডিও লেসন প্রদান করে। তারা হল মিউজিকের জন্য পেলোটন ("Peloton for music")। সংগৃহীত কন্টেন্টের বাজারটি বৈধভাবে রেকর্ড লেবেলগুলির অনুবর্তী এবং এর দ্বারা সৃষ্টিকারীরা এমন ভিডিও পোস্ট করতে পারবে যেটা তারা অন্য কোনোভাবে লাইসেন্স করাতে পারতো না।

ভেরিভেন্ড (Verivend) - বাফেলো, নিউ ইয়র্ক - 500,000 মার্কিন ডলার বিজেতা

ভেরিভেন্ড একটি ফিনটেক যা কিভাবে ব্যবসাগুলি ব্যবসা করবে তার আধুনিকায়ন করে। একটি প্রকৃত নেটওয়ার্ক, ভেরিভেন্ড অর্থ পরিশোধ ও গ্রহণের দ্রুততম উপায় প্রদান করে, প্রবেশে প্রতিবন্ধকতাহীন যার ফলে ব্যবসাগুলি গ্রাহক ও বিক্রেতার মধ্যে লেনদেন করতে পারবে, পক্ষপাতশূন্য মর্যাদা স্বচ্ছতা, এবং তাৎক্ষণিক B2B ও B2C লেনদেন করতে পারা ডিজিটাল ওয়ালেট।

43North-এর বিজয়ীরা নিম্নলিখিত চূড়ান্ত বিচারকদের দ্বারা নির্বাচিত করা হয়েছিল:

- ব্রায়ান ব্রাকিন, সাধারণ পার্টনার, লাইটশিপ ক্যাপিটাল (Lightship Capital)
- পিটার বয়েস দ্য সেকেন্ড, প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পার্টনার, স্টেলাশন ক্যাপিটাল (Stellation Capital)
- হাওয়ার্ড ড্রাফট, নির্বাহী চেয়ারম্যান, ড্রাফটসিবি (Draftfcb)
- স্কট ওমেলিআনুক, প্রধান সম্পাদক, ইনকরপোরেশন ম্যাগাজিন (Inc. Magazine)
- জ্যাকি রেসেস, চেয়ারম্যান, ফেডারেল রিজার্ভ ব্যাঙ্ক অফ স্যান ফ্রান্সিস্কোর (Federal Reserve Bank of San Francisco) ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Economic Development Council) চেয়ারম্যান
- রুডিনা সেসেরি, প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পার্টনার, গ্লাসউইং ভেঞ্চার্স (Glasswing Ventures)

43North বোর্ড প্রধান এরিক রিচ বলেন, "প্রতি বছর আমরা 43North পোর্টফোলিওতে একটি স্থানের জন্য প্রতিযোগী কোম্পানিগুলি কর্তৃক প্রদর্শিত কর্মব্যস্ততা, প্রতিভা এবং উদ্ভাবন দেখে বিস্মিত হই। আমরা আজকের বিজয়ীরা তাদের কোম্পানি বিকাশের মাধ্যমে এবং শহর ও আমাদের প্রোগ্রাম প্রদত্ত সমৃদ্ধ শক্তিসম্পদ ব্যবহার করে কিভাবে বাফেলোতে নিজের ছাপ রাখে তা দেখার জন্য অত্যন্ত আগ্রহী।"

43North প্রেসিডেন্ট কলিন হেইডিঙ্গার বলেন, "আজকে রাতে শেয়া পারফর্মিং আর্টস সেন্টারের শক্তি প্রতীয়মান ছিলো যেখানে পশ্চিম নিউ ইয়র্কের সম্প্রদায় আমাদের দুর্দান্ত ফাইনালিস্টদের জন্য উল্লাস করতে এসেছিলো। বাফেলোর অধিবাসীরা আমাদের অঞ্চলে নতুন

প্রতিভা ও মূলধন নিয়ে আসার ফলে অর্জিত রূপান্তরমূলক অর্থনৈতিক প্রভাব চাক্ষুষ দেখেছে, যা আজকের সমর্থন দ্বারা প্রমাণিত। আমাদের ক্রমবর্ধমান স্টার্টআপ ইকোসিস্টেমের প্রদত্ত সবকিছু বিজেতা কোম্পানিগুলি কিভাবে ব্যবহার করবে তা দেখার জন্য আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

গত সাত বছর ধরে, 43North 51টি কোম্পানির একটি বৈচিত্র্যময় পোর্টফোলিওতে বিনিয়োগ করেছে, যার 31 শতাংশের প্রতিষ্ঠাতা অশ্বেতাঙ্গ এবং 23 শতাংশ প্রতিষ্ঠাতা মহিলা। এর মধ্যে প্রায় অর্ধেক কোম্পানি কুইন সিটিতে একটি বস্তুগত উপস্থিতি বজায় রেখেছে, যা 800টিরও বেশি স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি করেছে। তার মধ্যে রয়েছে প্রযুক্তি ইউনিকর্ন ACV অকশনস, যারা 24 মার্চ, 2021 এর IPO এর পর, 43North এর প্রথম জনগণের মধ্যে লেনদেনকৃত পোর্টফোলিও কোম্পানি হিসেবে একে নতুন উচ্চতায় নিয়ে গিয়েছে।

43North সম্পর্কে
43North একটি এক্সেলারেশন প্রোগ্রাম যা বার্ষিক স্টার্টআপ প্রতিযোগিতা আয়োজন করে, নিউ ইয়র্কের বাফেলোতে উচ্চ-বিস্তারের কোম্পানি আকর্ষণ ও প্রসারের জন্য প্রতি বছর 5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে। 43North তালিকাভূক্ত কোম্পানিগুলো এছাড়াও বাফেলোতে এক বছরের জন্য বিনামূল্যে অনুকূল পরিবেশে বিকাশ লাভ করার জায়গা, সংশ্লিষ্ট ক্ষেত্রে পরামর্শদাতাদের দিকনির্দেশনা, এবং START-UP NY এর মত ব্যবসায়িক অনুপ্রেরণামূলক প্রোগ্রামে প্রবেশাধিকার পায়। 43North পরিচালিত হয় গভর্নর ক্যাথি হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, রালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন এবং আরো বেশ কিছু পৃষ্ঠপোষকের সমর্থনে। 43North সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন www.43north.org।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418